

দলিলের নকল (Certified Copy) গ্রহণের ফিস:

নিম্নে দলিলের নকল (Certified Copy) এর ফিসের হার দেয়া হল:

দফা 'জি (এ)' অনুসারে: কোন হেতু, ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে:

(অ) বাংলায় লিখিত প্রতি ৩০০ শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা তার অংশ বিশেষের জন্য- ১৬ টাকা।

(আ) ইংরেজি ভাষায় লিখিত প্রতি ৩০০ শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা তার অংশ বিশেষের জন্য- ২৪ টাকা।

দফা 'জি (বি)': কোন আবেদনকারী, কার্যালয়ের অন্যান্য নকলের কাজ অপেক্ষা, তাহার প্রার্থিত নকলের জন্য অগ্রাধিকার চাইলে, তাহাকে অতিরিক্ত ৫০ টাকা দিতে হইবে, বা যদি নকলটি প্রতি পৃষ্ঠায় ৩০০ শব্দ-বিশিষ্ট চার পৃষ্ঠার অধিক হয়, তাহলে প্রতি পৃষ্ঠার জন্য ১৫ টাকা হারে অতিরিক্ত ফি দিতে হবে।

দফা 'জিজি': কোন ভুক্তি বা দলিলের নকল প্রস্তুতকরণ বা প্রদানের ক্ষেত্রে 'জি (এ)' তে উল্লিখিত ফি ব্যতিত নকলনবিশগণের পারিশ্রমিক বাবদ নিম্নবর্ণিত হারে অতিরিক্ত অর্থ প্রদান করিতে হইবে, যথা:

(অ) বাংলায় লিখিত প্রতি ৩০০ শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা তার অংশ বিশেষের জন্য- ২৪ টাকা।

(আ) ইংরেজি ভাষায় লিখিত প্রতি ৩০০ শব্দ বিশিষ্ট এক পৃষ্ঠা বা তার অংশ বিশেষের জন্য- ৩৬ টাকা।

বিঃদ্রঃ ১। উল্লিখিত ফি রেজিস্ট্রি অফিসে নগদে পরিশোধ করতে হবে।

২। যদি কোন আবেদনকারী ইতোমধ্যে নিবন্ধিত কোন দলিলের মুদ্রিত বা টাইপকৃত নকল দাখিল করিয়া উহাকে "অবিকল নকল" মর্মে প্রত্যয়নযুক্ত রূপে পাইবার জন্য আবেদন করে, তাহলে এক্ষণ নকলের তুলনা করার জন্য ফিস ও পারিশ্রমিকের দফা 'জি' ও 'জিজি' অনুসারে ধার্যযোগ্য ফিস ও পারিশ্রমিকের অর্ধেক হইবে।

৩। ফিস প্রদান হইতে রেহাইপ্রাপ্ত নকল ব্যতিত অন্যান্য সকল নকলের আবেদনপত্রে কোর্ট ফি আইন, ১৮৭০ অনুসারে, ২০ টাকার কোর্টফি লাগাতে হবে।